চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-৮ মার্চ ২০১৭ খ্রি.

বর্ণাঢ্য র‌্যালী ও আলোচনা সভার মধ্য দিয়ে আন্তর্জাতিক নারী দিবস-২০১৭ উদযাপন করল চট্টগ্রাম সিটি কর্পোরেশন

“নারী-পুরুষ সমতায় উন্নয়নের যাত্রা, বদলে যাবে বিশ্ব,কর্মে নতুন মাত্রা ” এ শ্লোগানকে সামনে রেখে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশের চট্টগ্রাম নগরীতে আন্তর্জাতিক নারী দিবস-২০১৭ উদযাপন করল চট্টগ্রাম সিটি কর্পোরেশন। আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে ০৮ মার্চ ২০১৭ খ্রি. বুধবার সকালে নগরীর প্রেসক্লাব চত্বর থেকে নগরভবন পর্যন্ত বর্ণাঢ্য এক র‌্যালী নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষীন করে নগর ভবনে এসে সমাপ্ত হয়। র‌্যালীতে নেতৃত্ব দেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, শিশু ও নারী বিষয়ক স্থায়ী কমিটির সদস্য এবং নারী নেতৃবৃন্দ। পরে চসিক কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ৬ নং ওয়ার্ড কাউন্সিলর এম আশরাফুল আলম। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। আলোচনা সভায় বক্তব্য রাখেন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, জেসমিন পারভিন জেসি, আবিদা আজাদ,কাউন্সিলর শৈবাল দাশ সুমন, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন সহ অন্যরা। র‌্যালী ও সভায় প্যানেল মেয়র জোবাইরা নার্গিস খান, কাউন্সিলর সাইয়্যেদ গোলাম হায়দার মিন্টু, মো. গিয়াস উদ্দিন, নাজমুল হক ডিউক, হাসান মুরাদ বিপ্লব, শৈবাল দাশ সুমন, মোহাম্মদ আজম, মোরশেদ আকতার চৌধুরী, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মোছা. ফারজানা পারভিন, মনোয়ারা বেগম মনি, ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মো. আবুল হোসেন, নির্বাহী ম্যাজিস্ট্রেট মিসেস সনজিদা শরমিন,উপসচিব আশেক রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ অন্যরা উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, আন্তর্জাতিক নারী দিবস নারী জাতির জন্য একটি অর্থবহ গৌরবের দিন। বর্তমান বিশ্বে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার ক্ষেত্রে আন্তর্জাতিক নারী দিবস গুরুত্বপূর্ণ দিবস। মেয়র বলেন, বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার নারী পুরুষের সমতা আনায়নে নারী শিক্ষার বিস্তার, নারীর অধিকার প্রতিষ্ঠা, নারীর ক্ষমতায়ন সহ সহিংসতা প্রতিরোধে নানামুখি আইন প্রণয়ন ও কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, দেশ গড়ার কাজে নারীরা পুরুষের সহযোদ্ধা। দেশের অর্থনীতি,রাজনীতি,সংস্কৃতি,বিচার,প্রশাসন, কুটনীতি, সশস্ত্র বাহিনী, আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী সহ জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গনে নারীর সফল অংশগ্রহণ ও গৌরবোজ্জল ভ’মিকা প্রশংসনিয়। তিনি আশা করেন নারী-পুরুষের সম্মিলিত প্রয়াসে বাংলাদেশের ভিশন ২০২১ ও ভিশন ২০৪১ সফলভাবে পৌঁছতে পারবে। মেয়র বলেন, বাংলাদেশের অর্ধেক জনগোষ্টি নারীকে অন্ধকারে রেখে জাতির কল্যান সম্ভব নয় বিধায় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যোগ্যতার ভিত্তিতে নারীদের সর্বক্ষেত্রে সম অংশিদারিত্ব নিশ্চিত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। মেয়র আরো বলেন, জাতিসংঘ সহ বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা বাংলাদেশের নারী উন্নয়নের ভূয়ষী প্রসংশা করছে। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন সরকারের ভিশন অনুযায়ী নানাক্ষেত্রে নারীদের প্রাধান্য দিয়ে যাচ্ছে। তিনি নারী শিক্ষার গুরুত্ব অনুধাবন করে সকলকে এগিয়ে আসার আহবান জানান।

চট্টগ্রাম-৮ মার্চ ২০১৭ খ্রি.

সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ে
বার্ষিক পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, বঙ্গবন্ধু‘র সোনার বাংলা, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা’র ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে শিক্ষার্থীদের আলোকিত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। মেয়র শিক্ষার্থীদের বলেন, সৎ, চরিত্রবান সু-নাগরিক হয়ে আগামী দিনে দেশ ও জাতির নেতৃত্ব দিয়ে দেশকে সমৃদ্ধির পানে পৌঁছে দিতে হবে। ৮ মার্চ ২০১৭ খ্রি. বুধবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সরাইপাড়া সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি’র ভাষনে তিনি এসব কথা বলেন। মেয়র বলেন মা-বাবার প্রতি কর্তব্য পালন, তাদের ও শিক্ষকদের আদেশ নিষেধ যথাযথভাবে মেনে মানবিক মূল্যবোধ সম্পন্ন একজন হয়ে দেশকে স্বনির্ভর করার দায়িত্ব কাঁধে নিতে হবে। সিটি মেয়র বলেন, অবকাঠামো উন্নয়ন, লাইব্রেরী, বিজ্ঞানাগার, শহীদ মিনার, শৌচাগার, আসবাবপত্র সহ শিক্ষার উপযুক্ত পরিবেশ সুরক্ষা করার দায়িত্ব চট্টগ্রাম সিটি কর্পোরেশন পালন করবে। তবে শিক্ষার্থীদের গুন ও মান সম্মত শতভাগ ফলাফল দিতে হবে। অবহেলায় সময় অপচয় করা যাবে না। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, আমি নগরবাসীর নিকট আমার ভিশন জানিয়ে দিয়েছি। চট্টগ্রামকে বিশ্বমানের নগরীতে উন্নীত করতে ক্লিন ও গ্রিন সিটির পরিকল্পনা গ্রহন করে বাস্তবায়নে সচেষ্ট আছি। এ প্রসঙ্গে তিনি বলেন, বর্জ্য ব্যবস্থাপনায় আমুল পরিবর্তন আনা হয়েছে। রাতে বর্জ্য অপসারন করা হচ্ছে। সিটি মেয়র বলেন, জলাবদ্ধতা সহনীয় পর্য্যায়ে উন্নিত করতে খাল-নালা নর্দমার ধারন ক্ষমতা বাড়ানো হচ্ছে। তিনি তাঁর ভিশন বাস্তবায়ন এবং নাগরিক প্রত্যাশা পুরনে নগরবাসীর সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১২ নং ওয়ার্ড কাউন্সিলর সাবের আহমদ সওদাগর। আলোচনা করেন প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, গভর্নিং বডির সদস্য আলহাজ্ব মো. নুরুল আমিন, মো. আবদুল হালিম খান, দিদারুর রহমান সুমন, ডা. নুরুল ইসলাম, মিসেস নুসরাত জাহান, সরাইপাড়া সিটি কর্পোরেশন কলেজের অধ্যক্ষ মিসেস রওশন আখতার। পরে মেয়র বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ, ফিরিঙ্গী বাজার ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রফিকুল হোসেন বাচ্চু সহ অন্যরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা